



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

### বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধনের বিষয়/বিভাগ সংশোধন ও অনলাইনের মাধ্যমে কলেজ পরিবর্তন প্রসঙ্গে।

নির্দেশক্রমে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জানান যাচ্ছে যে,

- ১) প্রথম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের (শিক্ষা বর্ষ ২০১৭-২০১৮) নিবন্ধনে সংশ্লিষ্ট কলেজে বিষয়/বিভাগ সংশোধনের ক্ষেত্রে আসন খালী ও চাহিদাকৃত জিপিএ থাকার শর্তে এবং বিষয়/বিভাগ সংশোধনের ক্ষেত্রে সংশোধন ফিস ৮০০/- টাকা সোনালী সেবার মাধ্যমে বোর্ডে জমা দিয়ে শিক্ষার্থীর স্ব-হস্তে লিখিত আবেদন অধ্যক্ষের সুপারিশসহ ম্যানুয়াল পদ্ধতিতে আগামী ১/১১/২০১৭ খ্রি. তারিখ হতে ৩১/১২/২০১৭ খ্রি., তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করে সংশোধনের কাজ করা যাবে।
- ২) প্রথম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের (শিক্ষা বর্ষ ২০১৭-২০১৮) কলেজ পরিবর্তনের নির্ধারিত ফিস ১০০০/- টাকা সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে ( Etc) বা অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের কলেজ পরিবর্তনের কাজ আগামী ১/১১/২০১৭ খ্রি. তারিখ হতে ৩১/১২/২০১৭ খ্রি., তারিখের মধ্যে সম্পন্ন করা যাবে। তবে কলেজ পরিবর্তনের জন্য বিষয়/বিভাগ এর মিল থাকতে হবে। এক্ষেত্রে যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন এক কলেজ থেকে অন্য কলেজে ছাড়পত্র প্রদান সংক্রান্ত কাজ অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে উক্ত কাজের জন্য বোর্ডে স্বশরীরে আসার কোন প্রয়োজন নেই। বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে ছাড়পত্র প্রদান সংক্রান্ত কাজ নির্ধারিত আবেদনে উভয় কলেজের সম্মতি সাপেক্ষে বোর্ডের নির্ধারিত ফিস ১০০০/- টাকা সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে ম্যানুয়াল পদ্ধতিতে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের মাধ্যমে সম্পন্ন করা যাবে।

সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সাথে ও নির্দিষ্ট সময়ের মধ্যে এ কাজ করার জন্য বলা হলো।

  
(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

